




গণ বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

তারিখ: ০৬ অক্টোবর ২০২১

সাপ্লিমেন্টারি ও ফলোন্সন পরীক্ষার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ডিনস কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আগস্ট ২০২১ সেশনের সাপ্লিমেন্টারি ও ফলোন্সন পরীক্ষা আগামী ২৩/১০/২০২১ তারিখ থেকে ২৭/১০/২০২১ তারিখের মধ্যে নিম্নোক্ত নিয়ম ও নীতিমালা অনুযায়ী অনুষ্ঠিত হবে:

০১. এ পরীক্ষা স্ব-শরীরে স্বাস্থ্যবিধি মেনে গণ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের একাডেমিক ভবনে অনুষ্ঠিত হবে।
০২. যেসকল শিক্ষার্থী সাপ্লিমেন্টারি ও ফলোন্সন পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী তাদেরকে আগামী ১১/১০/২০২১ তারিখের মধ্যে নিজ নিজ বিভাগে যোগাযোগ করে নাম ও পরীক্ষার কোর্সসমূহ লিখিতভাবে জমা দিতে হবে।
০৩. সংশ্লিষ্ট বিভাগ পরীক্ষার্থীদের তালিকা ও খসড়া রুটিন পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে ১৩/১০/২০২১ তারিখের মধ্যে জমা দিবেন। এছাড়া পরীক্ষার্থীদের তালিকার একটি কপি একই দিনে হিসাব শাখায় জমা দিবেন।
০৪. আগ্রহী পরীক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের হিসাব শাখা থেকে সকল পাওনা পরিশোধের ক্লিয়ারেন্স গ্রহণপূর্বক সাপ্লিমেন্টারি/ফলোন্সন পরীক্ষার প্রতি কোর্সের জন্য ২০০০ (দুই হাজার) টাকা জমার রশিদ জমা সাপেক্ষে ১৩/১০/২০২১ তারিখ থেকে ১৭/১০/২০২১ তারিখ পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে পরীক্ষার ফরম গ্রহণ করতে পারবে এবং উক্ত তারিখের মধ্যেই পূরণকৃত ফরম সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।
০৫. পূরণকৃত ফরম বিভাগীয় প্রধান ও ডিনের স্বাক্ষরসহ সংশ্লিষ্ট বিভাগ ১৮/১০/২০২১ তারিখে পরীক্ষা দপ্তরে জমা দিবেন।
০৬. পরীক্ষা নিয়ন্ত্রক অফিস থেকে পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ করা হবে ২০/১০/২০২১ তারিখে।
০৭. বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা রেগুলেশন অনুযায়ী শিক্ষার্থীদের পরবর্তী ২ সেমিস্টারের মধ্যে সাপ্লিমেন্টারি পরীক্ষা সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে।
০৮. বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা রেগুলেশন অনুযায়ী শিক্ষার্থীদের পরবর্তী সেমিস্টারের মধ্যেই ফলোন্সন পরীক্ষা সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে।
০৯. সাপ্লিমেন্টারি/ফলোন্সন পরীক্ষার চূড়ান্ত সময়সূচী যথাসময়ে নোটিশ বোর্ডে জানিয়ে দেয়া হবে।
১০. পরীক্ষা শেষে উত্তরপত্র মূল্যায়ন করে নম্বরপত্র এক সপ্তাহের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা দেয়ার জন্য বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট কোর্স শিক্ষকের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করা হচ্ছে।


(মোঃ আবু হারিস)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

গণ বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. উপাচার্য মহোদয় (চলতি দায়িত্ব), গণ বিশ্ববিদ্যালয়।
২. ডেপুটি উপাচার্য মহোদয়, গণ বিশ্ববিদ্যালয়।
৩. রেজিস্ট্রার, গণ বিশ্ববিদ্যালয়।
৪. ডিন, সকল অনুষদ, গণ বিশ্ববিদ্যালয়।
৫. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, গণ বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক (অর্থ ও হিসাব), গণ বিশ্ববিদ্যালয়
৭. সিনিয়র সহকারী রেজিস্ট্রার, গণ বিশ্ববিদ্যালয়।